JAN. 2. [illegible]

# শিক্ষকদের সাথে সম্পাদিত 'কালো চুক্তি' বাতিলের আহ্বান

আগামী ৩১শে জানুয়ারির মধ্যে কালো চুক্তি বাতিল ও চাকরি জাতীয়করণের দাবি বাস্তবায়ন করা না হলে শিক্ষকদের একটি অংশ বাংলাদেশ শিক্ষক সমিতি ১লা মার্চ থেকে কলেজ, স্কুল ও মাদ্রাসায় লাগাতার ধর্মঘট পালন করবে। পাশাপাশি এসব দাবি বাস্তবায়নে শিক্ষামন্ত্রী আন্তরিকতার পরিচয় দিতে ব্যর্থ হলে আসন্ন সংসদ নির্বাচনে শিক্ষামন্ত্রীর নির্বাচনী এলাকায় সমিতির পক্ষ থেকে একজন প্রার্থী দাঁড় করানো হবে।

গত ১৮ই জানুয়ারি ঢাকার লক্ষ্মীবাজার স্থানীয় পোগোজ স্কুল মিলনায়তনে সমিতির কার্যনির্বাহী পরিষদের এক সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়। সমিতির সহ-সভাপতি মনোয়ার হোসেন চৌধুরীর সভাপতিত্বে সভায় আলোচনায় অংশ নেন মহাসচিব নজরুল ইসলাম, সিনিয়র সহ-সভাপতি জুলফা মোহম্মদ, খলিলুর রহমান ভুঁইয়া প্রমুখ।

সভায় সরকারের সাথে তথাকথিত স্বার্থান্বেষী অশিক্ষক নেতাদের সম্পাদিত কালো চুক্তি বাতিলের দাবিতে আন্দোলনের কঠোর কর্মসূচি গ্রহণের পক্ষে মত প্রকাশ করা হয়।

সভায় আগামীকাল মঙ্গলবার থেকে ১লা মার্চ পর্যন্ত স্মারকলিপি প্রদান, সমাবেশ, পরীক্ষা বর্জনসহ বিবিধ কর্মসূচি নেয়া হয়। সংবাদ বিজ্ঞপ্তি।